

তারিখ: 01/03/2017

আরবিআই রাজসমান্দ স্থিত দ্য রাজসমান্দ আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, রাজসমান্দ-এর উপর দণ্ড আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (সমবায় সমিতির ক্ষেত্রে যথা প্রযোজ্য)-এর ধারা 47A(1)(c) তৎসহ পঠিত ধারা 46(4) -এর অধীনে তার উপর ন্যস্ত ক্ষমতাবলে, (i) অংশীদারী মূলধনের সাথে ঋণের সংযোগসাধন (ii) একক ঋণগ্রহীতার জন্য উন্মুক্ত করা রাশির ক্ষেত্রে নির্ধারিত সীমা সম্পর্কিত বিধিলঙ্ঘন (iii) নির্ধারিত সীমা অতিক্রম করে অসুরক্ষিত ঋণ মঞ্জুর করা এবং একটি সিসি অ্যাকাউন্টে নিত্যনৈমিত্তিকভাবে নির্ধারিত সীমা অতিক্রম করে ওডি-র অনুমতি প্রদান (iv) নন-ব্যাঙ্কিং সম্পদ অধিগ্রহণ বিষয়গুলি সংক্রান্ত আর বি আই নির্দেশবিধি/ নির্দেশিকা লঙ্ঘনের কারণে, রাজসমান্দ স্থিত দ্য রাজসমান্দ আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড- এর উপর ₹ 5.00 লক্ষ (পাঁচ লক্ষ টাকা মাত্র)-এর আর্থিক জরিমানা আরোপ করেছে।

ব্যাঙ্কটির কার্যবিধি নিরীক্ষণের ফলে প্রাপ্ত বিষয়গুলির ভিত্তিতে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কের প্রতি 'কারণ দেখাও' নোটিশ জারি করেছিল, যাতে সাড়া দিয়ে উক্ত ব্যাঙ্ক একটি লিখিত জবাব পেশ করেছিল এবং আরবিআই-এর কার্যনির্বাহী নির্দেশক-এর সম্মুখে ব্যক্তিগত নিবেদনও রেখেছিল। বিষয়টি সংক্রান্ত তথ্যাদি এবং ব্যাঙ্কটির সেই সম্পর্কিত জবাব বিবেচনা করে রিজার্ভ ব্যাঙ্ক এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে উক্ত বিধিলঙ্ঘন বাস্তবিকভাবে প্রতিষ্ঠিত এবং আর্থিক জরিমানা আরোপ যথোপযুক্ত।

প্রেস প্রকাশনি : 2016-2017/2328

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা